मेरी मां न जाने ये कैसे कर पाई
अपने कलेजे पे रखने को वो पत्थर
कहां से लाई
मां, आज मुझे तेरी बहुत याद आती है
आज भी तुझसे सीखने को बहुत कुछ बाकी है...

पर तय है
कन्यादान ना करूंगी कभी
मेरी परी कोई वस्तु नहीं
मेरी जिंदगी से सींचा है जिसे
जिसकी हंसी पे मेरी हर खुशी कुर्बान है
जिसके हर आंसू से निकलती मेरी जान है
उसी "मां" के घर ये जायेगी
जो इसे "सांझी बिटिया" बना के ले जायेगी।।।।



নিবেদিতা ও আমরা

মাধব চট্টোপাধ্যায়



ভারতবর্ষ দেশটাকে গভীরভাবে ভালোবেসেছিলেন নিবেদিতা। শুধু মরণাপন্ন, বিপন্ন ভারতবাসীর সেবা নয় বা তাদের মধ্যে শিক্ষার প্রসার নয়, ভারতের শিল্প-সম্পদ ও সাংস্কৃতিক ঐতিহ্য সম্বন্ধে বিশ্বকে সচেতন করা, জগৎসভায় মর্যাদার আসনে ভারতকে প্রতিষ্ঠিত করা ছিল তাঁর জীবনের অন্যতম লক্ষ্য। কিন্তু তাঁর সামগ্রিক আবদান উপেক্ষিত হয়ে আছে অধিকাংশ ইতিহাসবিদের রচনায়। কলকাতায় প্লেগ-মহামারির সময় (১৮৮৯) তাঁর সেবাকর্ম এবং বাগবাজারে মেয়েদের স্কুল প্রতিষ্ঠা ছাড়াও তাঁর কর্মকাণ্ডের ব্যাপ্তি ও পরিধি সম্বন্ধে বিস্তারিতভাবে আলোকপাত করেননি কেউ। শুধু গবেষকরা নয়, তাঁর সমসাময়িক যাদের আমরা শ্রদ্ধা করি, এ ব্যাপারে তাঁদের ভূমিকাও বিস্ময়কর।

আমাদের খারণা রবীন্দ্রনাথকে পাশ্চাত্যের মানুষ প্রথম চেনে “গীতাঞ্জলি”র মাধ্যমে। কিন্তু গীতাঞ্জলি অনুবাদ হওয়ার প্রায় এক দশক আগে জগদীশচন্দ্র বসুর উদ্যোগে সাড়া দিয়ে নিবেদিতা রবীন্দ্রনাথের তিনটি গল্প (কাবুলিওয়ানা, ছুটি, দান-প্রতিদান) ইংরেজিতে অনুবাদ করেন যেগুলি পাশ্চাত্যের সাহিত্য-রসিক মহলে আলোড়ন তোলে। আমরা বিস্মিত হই যখন দেখি জগদীশচন্দ্র বা রবীন্দ্রনাথের কেউই কোথাও অনুবাদক হিসেবে নিবেদিতাকে তাঁর প্রাপ্য মর্যাদাটুকু দেওয়ার প্রয়োজন বোধ করেন নি। পরবর্তীকালে রবীন্দ্র-গবেষকরাও রবীন্দ্রনাথকে পাশ্চাত্যের পাঠক মহলে সর্বপ্রথম পরিচিত করানোর পশ্চাৎপটে নিবেদিতার অবদান সম্বন্ধে নীরব থেকেছেন। নিবেদিতার Web of the Indian Life (১৯০৪) বইটির ভূমিকা রবীন্দ্রনাথ

লিখন-এমনটাই চেয়েছিলেন জগদীশচন্দ্র। রবীন্দ্রনাথ এব্যাপারে কোনও উৎসাহ দেখান নি। বইটির দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হল ১৯১৮ সালে। এবার বইটির একটি ভূমিকা লিখে দিলেন রবীন্দ্রনাথ। কিন্তু তার আগেই (১৯১১) প্রয়াত হয়েছেন নিবেদিতা।

এবার আসি এ ব্যাপারে (নিবেদিতার অবদানকে স্বীকৃতি দেওয়া) জগদীশচন্দ্রের ভূমিকার কথা। উভেজনা উদ্ভিদের সাড়া দেওয়ার ক্ষমতা নিয়ে তাঁর কোতুহলোদ্দীপক গবেষণায় বিজ্ঞানী-মহলে সাড়া পড়ে যায় এবং সেটাই দূষিততার কারণ হয়ে উঠেছিল সেই সময়কার কিছু প্রভাবশালী বিজ্ঞানীর। রয়েল সোসাইটি তাঁর লেখা ছাপা বন্ধ করে দিল। ক্ষুব্ধ জগদীশচন্দ্র ঠিক করলেন নিজেই বই লিখে বিজ্ঞানী-মহলকে জানাবেন তাঁর গবেষণার কথা। তাঁর প্রথম বইটির (Response in the Living and Non-Living) সম্পাদনা এবং প্রবন্ধ-সংশোধনের যাবতীয় দায়িত্ব, স্বতঃপ্রবৃত্ত হয়ে গ্রহণ করেছিলেন নিবেদিতা। এই কাজে তিনি যে কতটা সময় ও শ্রম দিয়েছিলেন সেই সময়ে লেখা তাঁর চিঠিপত্রে তার প্রমাণ পাওয়া যায়। তাঁর বিশেষ অনুরোধে যে মার্কিন উদ্ভিদবিদ্যা জগদীশচন্দ্রের গবেষণা এবং গবেষণাগার গড়ে তোলার প্রচুর অর্থসাহায্য করে গেছেন, সেই সারা বুল চেয়েছিলেন একটি লিখিত চুক্তির মাধ্যমে নিবেদিতাকে নিজের Literary Executor-এর স্বীকৃতি দিন জগদীশচন্দ্র। তিনি আন্তরিকভাবে চেয়েছিলেন জগদীশচন্দ্রের বইটির পশ্চাৎপটে নিবেদিতার আন্তরিক ও কঠোর শ্রম স্বীকৃতি ও মর্যাদা লাভ করুক। সে-সবের খার দিয়েও গেলেন না জগদীশচন্দ্র। তাঁর বই বিদগ্ধ মহলে উচ্চ-প্রশংসিত হল। কিন্তু শুধু এই বইটি নয়, পরবর্তী দুটি বইয়েও নিবেদিতার অবদান উল্লেখ করলেন না তিনি। রবীন্দ্রনাথকে তাঁর বইয়ের সাফল্য সম্বন্ধে চিঠি লেখার সময়েও নিবেদিতার অবদান সম্বন্ধে তিনি নীরব থাকলেন।

গবেষক রত্নদেব সেনগুপ্ত তাঁর “উপেক্ষিতা নিবেদিতা” প্রবন্ধে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেছেন (ভারত চেতনায় ভগিনী নিবেদিতা, সম্পাদনা : স্বামী চৈতন্যানন্দ, উদ্বোধন কার্যালয়, কলকাতা, Oct 2017, পৃ : ১৩৩-১৫১)। তাঁরই মন্তব্য দিয়ে শেষ করি “আমাদের আভিধানে পিতৃখাগ”, “মাতৃখাগ” প্রভৃতি শব্দগুলি আমরা পেয়েছি। নিবেদিতা আমাদের আভিধানে একটি নতুন শব্দ সংযোজন করে গিয়েছেন-“ভগিনীখাগ”। এই খাগ শোধ করা অসম্ভব-কিন্তু খাগস্বীকার করতে আমাদের বাধা কোথায়?

সমাপ্ত

কচ্ছের রাণ: ধ্যানঅঙ্গন রুম্ম-ধূসর

অমৃতা ব্রহ্ম

ভারতের সর্বপশ্চিমের রাজ্য গুজরাটের কচ্ছ অঞ্চল বিখ্যাত তার বিশেষ ভৌগোলিক বিশ্বয় রাণ অঞ্চলের জন্য, আরব সাগরের জল যেখানে সৈকিব লবণে অতিপূজ্য হয়ে বিস্তীর্ণ লবণাক্ত বেনাভূমি সৃষ্টি করেছে। সেই কচ্ছের রাণ দেখার ইচ্ছা অবশেষে পূর্ণ হল ২০২৪ সালের ডিসেম্বর মাসে এসে। ক্ষুণ্ণভ্রমণের গন্তব্য এবার গুজরাটের কচ্ছের রাণ-- অপমগ্না ভারতমাতার রুম্ম ধূসর অনুর্বর ধ্যানক্ষেত্র। পথের সাথী প্রিয় পরিজনদের দল।

কলকাতা থেকে বিমানযোগে আহমেদাবাদে এসে প্রথম রাত্রি সেখানেই কাটানাম। পরের দিন দেখে নিলাম আহমেদাবাদের বিশেষ দৃষ্টব্য, স্টেপওয়েল। মাটির অনেক গভীরে নেমে যাওয়া জন সরবরাহ করে বলে মরু অঞ্চলের পক্ষে এই কুপপ্তনো বিশেষ উপযোগী। এখানকার প্রধান স্টেপওয়েল বা স্থানীয় ভাষায় ডাও, "রাণীবাঈ কি ডাও" অবস্থিত আহমেদাবাদ থেকে এক ঘণ্টা দূরত্বের পাটন শহরে। একাদশ শতকে চালুক্য রাজা প্রথম উমের রাণী উদয়মতী এটি নির্মাণ করান। আমরা "রোদাবাঈ কি ডাও" নামের পঞ্চদশ শতকে নির্মিত অপর যে স্টেপওয়েলটা দেখেছিলাম সেটির অবস্থান অবশ্য আহমেদাবাদের কাছাকাছিই ছিল। ডাওগুলিতে আপূর্ব সুন্দর কারুকার্য করা মণ্ডপের মধ্য দিয়ে সিঁড়ি নেমে গেছে নীচের দিকে। তিন বা চারতলা নীচে কারুকার্যখচিত সুগঠিত জলাধার। এখানে সেখানে জলের অস্তিত্ব বোঝা যায়। ঐদিনই আমরা তৃপ্ত হয়ে ধোঁর্দে পৌঁছেছিলাম।



ভূজের ঐতিহ্যবাহী রেশ্মারায় অন্য ধরনের গুজরাটি খাবার আর দুগ্ধজাত পানীয়ের স্বাদ নোওয়ার পর রওনা হলাম ধোঁর্দের দিকে। ভূজের নাগরিক পরিবেশ ছাড়িয়ে বাঁধানো সড়ক চলে গেছে রাণ অঞ্চলের আগে শেষ জনপদ ধোঁর্দের দিকে। রাস্তার দু'ধারে অনুর্বর ভূমি। মাথার ওপরে মেঘহীন উজ্জ্বল শীতের আকাশ মনে মরুচারী বেদুইনদের জীবনযাত্রার ছবি ঐকে দিচ্ছিল।

মরু-শহর ধোঁর্দের একমাত্র জলের উৎস হলো মান্ডবী নদী। নদীর ওপর রুদ্রানী দেবীর মন্দির সংলগ্ন রুদ্রানী ড্যাম। ড্যামের আশেপাশের জমিতে কিছু মিলেট জাতীয় শস্য, বাদাম আর ফুলকপি, টমেটো, বেগুন ইত্যাদি শীতের সবজি চাষ হয়। এছাড়া বালিতে ঢাকা জমিতে শুধু চোখে পড়ে বাবলা, রেড়ী আর ফনিমিনাসার বোপ। আগন্তীর কয়েকটি জলাশয়কে ঘিরে যে সামান্য তৃণক্ষেত্র আছে সেখানে তাল্ল সংখ্যায় শিওল-মোষ, গরু আর ছাগল পালন হয়।

ধোঁর্দেতে পৌঁছতে পৌঁছতে বিকেল হয়ে গেল। রাণ উৎসবের সময়ে পর্যটকদের গুজরাটি লোকজীবনের আনন্দ দেওয়ার উদ্দেশ্যে, মরুবাসীদের তাঁবু বা ডুগার আদলে তৈরী গুজরাট সরকার নির্মিত অস্থায়ী পর্যটক আবাসে সামান্য বিশ্রাম নিয়ে বেরিয়ে পড়া গেল রাণ উৎসবের উদ্দেশ্যে।

মরু প্রান্তে সন্ধ্যার শীত বেশ প্রবল। সেই শীতেই উট-বাহিত গাড়ি অন্যান্য পর্যটকদের সঙ্গে আমাদের নিয়ে গেল মূল রাণ অঞ্চলে। যেতে যেতে পশ্চিম আকাশের নীল কমলা হলুদ লালের অজস্র বর্ণ বাহার ক্রমশ ধূসর নীলিমায় আচ্ছন্ন হয়ে আসছিল। কৃষ্ণপক্ষের অম্পষ্ট চাঁদের আলোয় আপাখিবি দেখাচ্ছিল সাদা নুনের প্রান্তর।

উৎসবের আমেজ তখন পুরোদমে চলছে। কোথাও বিশাল পর্দার ওপরে ফুটে উঠছে প্রাগৈতিহাসিক কাল থেকে স্থানটির ভৌগোলিক ও নৃতাত্ত্বিক পরিবর্তনের উপর প্রদর্শিত চলচ্চিত্র, কোথাও রঙিন পোশাক পরে যুরে যুরে নেচে চলেছে নারী-পুরুষের দল, স্থানীয় হস্তশিল্পের বাজার বসেছে এক পাশে। সারাটি সন্ধ্যাবেলা উৎসবের সব রকম আনন্দ নিয়ে, নানারকম কেনাকাটি ও সেই সঙ্গে সুখাদ্যের সদ্যবহার করে আবার ফিরে এলাম ডুগায়। শেষ হলো দিন।

ধোঁর্দে-তে গুজরাটি লোকশিল্পের নিদর্শন দিয়ে সাজানো অস্থায়ী মরুআবাস ডুগায় রাজিবাস এক অনন্য অভিজ্ঞতা হয়ে থাকলো। স্থানীয় লোকশিল্পীরা ঘোড়ার বর্জ ও মাটি মিশিয়ে এক ধরনের ক্ষুদ্র পদার্থ তৈরি করেন ও তাই দিয়ে এই ডুগাগুলির দেওয়ালে আপূর্ব আলংকরণ করা হয়। তার ওপরে মাঝে মাঝে ছোট্ট ছোট্ট কাঁচের টুকরো দিয়ে সাজিয়ে তোলা হয় আলংকরণগুলি। ঘরগুলির আকার গোল ও মাথার ওপরের চাল তিন কোণা..... সবমিলিয়ে তাঁবুর আভাস আনো।

পরের দিন ধোঁর্দ থেকে বেরিয়ে মান্ডবী নদী পেরিয়ে পৌঁছলাম কালাডুগার পাহাড়ে। ভূচৌম্বক ক্ষেত্রের প্রভাব এখানে স্পষ্ট হওয়ায় ইঞ্জিন বন্ধ থাকলেও গাড়ি ভূ-চুম্বকের টানে উপরে উঠে যায়। বিশাল দণ্ডাত্মক মন্দিরের সামনে থেকে পাহাড়ের চূড়া অবধি তাল্ল সময়ের জন্য উটের পিঠে চড়ে বেশ মজা লাগলো।

এখানে সিঙ্কুসত্যতাকালীন কিছু প্রত্ন সম্পদ সংরক্ষিত আছে। স্থানীয় অস্থায়ী দোকানগুলি থেকে তাল্ল-সল্প কেনাকাটা সেরে আমরা স্বর্গের অভিমুখীন পথ "রোড টু হেভেন" ধরে চললাম সিঙ্কু সত্যতার অন্যতম প্রধান নগরী সোলাভীরার দিকে।

ওপরে সূর্যস্নাত উজ্জ্বল নীল আকাশ, পথের দুপাশে কখনো আরব সাগরের উজ্জ্বল নীল অংশ, কখনো বা প্রায় অলৌকিক এক নীলাভ মহাশুভ্রতার মাঝখানে দিয়ে অতি কৌশলে নির্মিত হয়েছে এই পঁয়ত্রিশ কিলোমিটার দীর্ঘ "রোড অফ হেভেন"।

মাবো মাবো উজ্জ্বল নীল জনের আংশ বাদ দিলে এ পথের দুপাশে সবটাই লবনের অতিপুঞ্জতার ফলে কঠিন সুশুভ্র লবণক্ষেত্র বা কচ্ছের রাণের অন্যতম বৈশিষ্ট্য।

এখানে আছে ক্লেমিগো প্রজনন কেন্দ্র। দূর থেকে নীলাভ সাদার মধ্যে গোলাপীর ছোপ চোখ টেনে নিয়েছিল। কাছে গিয়ে দেখেছিলাম ক্লেমিগোর বাক। উজ্জ্বল গোলাপী পাখায় তাদের দূরের আহ্বান।

পথের প্রান্তে অন্যতর বিশ্বয় নিয়ে অপেক্ষা করছিল ঢোলাভীরা। আনুমানিক খ্রিস্টপূর্ব ৩০০০ বছর আগে নির্মিত সিদ্ধু সভ্যতার অন্যতম নগর ঢোলাভীরা আবিষ্কৃত হয় ১৯৬৫ তে। পাঁচিল দিয়ে ঘেরা এই নগরীর অবশেষে খ্রিস্তর সভ্যতার সন্ধান পাওয়া যায়। অনুমান করা হয় রাজা রাজপুরুষ ও পুরোহিতরা থাকতেন উচ্চতম প্রথম স্তরে, দ্বিতীয় স্তরের অধিবাসীরা ছিলেন বণিক ও সম্পন্ন নাগরিকবৃন্দ। তৃতীয় বা নিম্নতম স্তরটি নির্দিষ্ট ছিল নিম্নবিত্ত ও দাস শ্রেণীর জন্য।

এখানে পাওয়া গেছে শস্যগার, আধুনিক শৌচাগার, কূপ ও জন নিষ্কাশন ব্যবস্থার নিদর্শন। একটি স্থানকে ঐতিহাসিকরা পুঁতি শিল্পের কারখানা বলে চিহ্নিত করেছেন। তিনটি স্তরেই আলাদা আলাদা সমাধি স্থানের চিহ্ন পাওয়া গেছে।

প্রাচীন সেই নগরীর অবশেষ ঘুরে দেখতে দেখতেই এসে পড়েছিল সূর্য ডোবার পালা। পাঁচ হাজার বছরের পুরনো নগর প্রাকারের পিছনে সেদিনের মতোই অস্ত্রাচলগামী হয়েছিলেন সন্ধ্যারবি বেদিন প্রাণের কোলাহলে চঞ্চল ছিল ঢোলাভীরা নগর!

সমাপ্ত



Scan For WebSite



vajra[®]
building values



6 Years
Turning vision into
LANDMARKS

9100 2222 44

Shaping Values That Deliver Value to Life

ON GOING



vajra's
Aavaas Sahita
@ Gagillapur
5BHK
TRIPLEX VILLAS
STARTING FROM
₹ 1.8 Cr

hmda
RERA No: P0220000749

ON GOING



The
Royal Park
@ Bowrampet
2 & 3 BHK
PREMIUM APARTMENTS
STARTING FROM
₹ 62 L

hmda
RERA No: P0220000430

COMPLETED



NATURE CITY
Luxury Villas
@ Bowrampet

hmda
RERA No: P0220000281



ঘূর্ণন

গৌতম বসু



সময়েরজোয়ার ভাটায় সিঁড়ি বালুচরে
অবাধ্যতার মত গজিয়ে ওঠে স্বপ্ন,
আবুবাৰ্গালী প্রহর নিশাচরী বাতাসে
মনেপ্রলোভন জাগায় অহরহ।
মোহাচ্ছন্নসূর্যালোক প্রতি মুহূর্তে
খুলেদেয় আরণ্যের উন্মুক্ত দুয়ার,
প্রতিটিগাছ একে আপনার কাছাকাছি
অবুঝেই রয়েছে দূরে।
সময়েরগর্ভে কত আজানা চোরাবালি,
কত বিক্ষুব্ধ যুগি আর প্লাবন,
ক্ষণিকেরঅনিশ্চয়তার বন্দী অনুভব,
অন্তিমআন্ধকারে যুমায়ে রাত্রি।

নিঃসঙ্গসময় পথ খোঁজে
প্রথমআলোর রঞ্জিত আভায়,
আন্ধকারেরপলেনস্তারা খসে পড়ে
বোলাটেস্মৃতির অমোঘ নিয়মে।
ক্ষতবিক্ষত সময়ের ভিতর দিয়ে
পিপাসার্তজ্যোৎস্না বুকে ভরে
সকলনিঃস্বপ্নতা ছিড়ে ফেলে
ছুটেতেহয় জন্মের মত।
সময়েরনিদারণ হৃদয়হীন সুরথ
চলতেচলতে কোনো এক শিল্পী
তুলিরটানে গোলাপের কোমল শরীরে
একেদেয় আসিঙ্গ চুম্বন।
উন্মত্তসময়ের কোলাহল ছেড়ে
ফিরতেপারি না সমুদ্র গানে,
জীবনেরপ্রদীপ নিভিয়ে দিয়ে জেগে উঠি
হারানোসময়ের ধূসর ইতিহাসে।

নির্বাসিত শরৎ

ক্ষমা ভট্টাচার্য

বেঁচে থাকা ছোটো হয়ে আসছে - শ্বাস নেওয়া কঠিন এই নির্বাসিত পৃথিবীতে একাকীত্বের নির্জনতা ঘিরছে চারধার
চোখ বুজলেই উলঙ্গ লাঞ্ছিত দেবী মায়ের আশ্রমাখা মৃত অবয়ব
কাশ ফুটুক - শিউলি বারুক সোনার সূর্যোদয় আজ আস্ত গেছে শারদশিশিরে আবরুদ্ধ মাটিতে কাণ্ডায় মিশে।

সাথেওনেই পাঁচও নেই! ভেতর থেকে গলাবুঁজে আড়ম্ব হয়ে আসে উচ্চারণে
জ্ঞান হয়ে অবশি তো কম করে পাঁচ জন তো সাথেই প্রাইমারি স্কুল
সেখানেও দল বেঁধে টিফিনের সময় চুরি করে এঁদো ডোবার খটোপুটি!
সেওতো অনেক জন্ম জন্ম ভিজিয়ে ক্লাসে এসে বিধু স্যারের পিটুনি সেও মিলে জুলে
এভাবেই কথাহীন দিন ছিল পাঁচগুণ পাঁচজনার
দিনবদলেছে - আজ একশজন একসাথে থেকেও একা হারিয়েযাচ্ছে নির্মল শৈশব - কিশোরবেলা।


বর্ষাশেষের উজ্জ্বল আকাশ।
এখানে ওখানে দুচারটে কাশ ফুল ফুটেছে কি ফোটেনি
দেখতে দেখতে রেললাইন ধরে হাঁটার দিন আর নেই, ফুরিয়েগেছে আজন্মেই হারানো শৈশব
কৈশোর পেছন ডাকে, কুঁড়ি ফোটা বসন্তের প্রথম সুগন্ধ স্মৃতি তার করে আসে
সব পেয়েও কিছু না পাওয়ার ব্যথায় বুক ভারী হয়
পিছুটানে উল্টো পথে ফেলে আসা সেই স্বাদিত দিনের স্মৃতি চলমান হয়
এবার এক পা দু'পামেলে অতীতেই হাঁটি
একে একে গ্রীষ্ম বর্ষা পেরিয়ে অতীত সুখের শরতের সোনা গলা রোদে ভাসি

সামনেবিবস্ত্র ছিন্ন দেহ নির্বাসিতা মাদুর্গা - ধরনী তুমি কি দ্বিধাহীন হবে!



রেডিও, মধ্যবিত্ত বাঙালি ও হারিয়ে যাওয়া দিনগুলি

অনিবার্ণ মুখোপাধ্যায়



এই গুরুগম্ভীর নাম দেখে যারা ভাবছেন - বেশ তথ্যসমৃদ্ধ এক প্রবন্ধ, তারা একেবারেই ভুল ভাবছেন। বরং এটি এক তৃপ্তি সাধারণ মানুষের নিম্ন-মধ্যবিত্ত বাঙালি পরিবারে বেড়ে ওঠার স্মৃতিচারণ।

আমার ছেলেবেলার কথা ভাবলেই আবখারিত ভাবে মনে পড়ে বাড়ির রেডিওটার কথা। তখন সাতের দশকের শেষের দিকের কথা। রেডিওটা একটা টেবিলের প্রায় আর্ধেক জুড়ে বসানো থাকত। বেশ সুস্বাস্থ্য ছিল তার। প্রায় দুই ফুট লম্বা, এক ফুট চওড়া ও এক ফুট উচ্চতা বিশিষ্ট। তার পেছনে একটা ঢাকনা ছিল, যেটা চারটে হাতে যোরাণো জু দিয়ে আটকানো থাকত। ওই চারটে জু খুললেই ভেতরে প্রায় একটা ছোটখাটো গবেষণাগার।

আমার সব থেকে বেশি টানত ভেতরে রাখা আর একটি বন্ধ বাক্স। সেটি খুললে ভেতরে দেখা যেত চারটে ব্যাটারি। এখনকার পেন্সিল ব্যাটারি নয় মোটেই। একটা ব্যাটারি প্রায় একটা ছোট নারকেল তেলের শিশির সাইজের। ছুঁড়ে মারলে আধমরা তো বটেই, মৃত্যুও হতে পারে। আমি খোঁজ নিয়ে দেখেছি, ও ব্যাটারি আর পাওয়া যায় না এখন। রেডিওর আওয়াজ কমে গেলেই বা চরচর আওয়াজ হলেই ওই বাক্স খুলে পুরোনো ব্যাটারি ফেলে নতুন ব্যাটারি ঢোকানো হত। ওই পুরোনো ব্যাটারি চলে আসত আমার ছেলেবেলার গবেষণাগারে। বাড়ির বারান্দার ছাদে এপ্রান্ত থেকে ওপ্রান্ত পর্যন্ত টাঙানো থাকত একটা ধাতব জালের তৈরি ফিটের মতো একটা জিনিস। রেডিও থেকে একটা তার বেরিয়ে ওখানে লাগান থাকত। এটি হল রেডিওর এন্টেনা। এতে রেডিওর সিগন্যাল ভালো আসত।

সে যাই হোক, রেডিও বাজতে শুরু করত যত দূর মনে পড়ছে সকাল পাঁচটা পঞ্চাশ মিনিটে। আমি ওই সময়ে ঘুম ঘুম চোখে দাঁত মাজতাম। বেশ সুন্দর এক বাজনার পর মহিলা কণ্ঠে শোনা যেত আকাশবাণী কলকাতার আগমন। বাবা তখন রেডিওর সামনে আইনস্টাইনের একাগ্রতা ও গোটা চারেক ঘড়ি নিয়ে বসে থাকতেন। একটু পরেই ঘোষণা হত - ঘড়িতে এখন সময় সকাল পাঁচটা বেজে পঞ্চাশ মিনিট। ওই শব্দে বাবা ঘড়ি মেনােতেন। মানুষ তখন এত হুঁদুর দৌড়ে দৌড়ত না বলেই বোধহয় সেকেন্ডের উল্লেখ করা হত না। সকালটা শুরু হত রেডিওতে দ্বিজেন্দ্রগীতি, রজনীকান্ত ও অতুলপ্রসাদের গান দিয়ে। যখন বাজত 'তুমি নির্মল কর মঙ্গল করে মলিন মর্ম মুছারে' - আমি তখন দুধ-চিড়ে খেয়ে পড়তে বসার প্রস্তুতি নিতাম।

এই রেডিওই আমাকে গান শুনতে শিখিয়েছে। মুগ্ধ হয়ে শুনতাম 'আধুনিক গানের অনুরোধের আসর', 'হারানো দিনের গান', 'পল্লীগীতি', আর রাতে দিল্লি থেকে প্রচারিত ক্লাসিকাল গানের অনুষ্ঠান। সঙ্গে আবশ্যই ছিল রবীন্দ্রসংগীত ও নাজরুলগীতি। কখন তাজান্বেই বেড়ে উঠতে উঠতে এই গান কান থেকে প্রাণে প্রবেশ করে গেল। হিন্দি গানের সঙ্গে পরিচয়ও এই রেডিওর মাধ্যমে। 'বিনাকা গীতমালা' আর রেডিও নেপাল চিনিয়ে দিন তালাত মামুদ, সামসাদ বেগম, গীতা দত্ত, মুকেশ, রফি, লতা, আশা, কিশোর - এইরকম কত গুণী মানুষকে। বলতে ভুলে গেছি, রেডিওর গায়ে তিনটে বড় বড় গোল চাকা ছিল। একটা শব্দ বাড়ানো-কমানোর, একটা ঘুরিয়ে বিভিন্ন সেক্টর ধরার, আর অন্যটা খটখট করে মিডিয়াম ওয়েভ অথবা শর্ট ওয়েভ সিলেক্ট করার জন্য। যেহেতু গুণী কারুর হাতে থাকত গান শোনানোর দায়িত্ব, তাই গানের রুচিবোধটা বাধ্য হয়েই ভালো তৈরি হত।

গান ছাড়া আর একটা ভীষণ আকর্ষণ ছিল নাটক শোনার। শুক্রবার রাত আটটা, শনিবার দুপুর তিনটে ও রবিবার দুপুর দুটো পর্যন্ত মিনিটে। শুক্রবার তাড়াহাড়া পড়াশোনা করে সবাই মিলে রেডিওর কাছে বসে নাটক শুনতাম। শনিবার দৌড়ে দৌড়ে স্কুল থেকে ফিরেও একই কান্ড। আর রবিবার দুপুরে খাসির মাংস আর ভাত খেয়ে তৃপ্ত হয়ে বসতাম নাটক শুনতে। পরিচিত হলাম উৎপল দত্ত, আজিতেশ বন্দ্যোপাধ্যায়, রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, শমু মিত্র, তপ্তি মিত্র, শাঁওলী মিত্র - এদের সঙ্গে। আস্তে আস্তে রেডিও হয়ে উঠল আমার বেড়ে ওঠার আর মনন তৈরির এক অবিচ্ছেদ্য আংশ।

রেডিওতে আর শুনতাম খবর। গমগমে গলায় সংবাদ পরিবেশন করতেন বরুণ মজুমদার, দেবদুলাল বন্দ্যোপাধ্যায়। বাবার সঙ্গে এরাই শেখালেন দাঁতের ব্যবহার করে 'স', তালুর ব্যবহার করে 'শ' এবং মূর্খার ব্যবহার করে 'ব' উচ্চারণ করতে। শেখালেন 'র' আর 'ড' এর পার্থক্য। শেখালেন শুদ্ধ বাংলা বলতে। বারণ করলেন - বাসে so ভিড বলতে।

রেডিওর কথা বলতে গেলে আবশ্যই বলতে হয় আজয় বসু, কমল ভট্টাচার্য, পুষ্পেন সরকার - এঁদের কথা। "নমস্কার। ইডেন উদ্যান থেকে বলছি..." - এই সাধারণ কথাগুলো কি অবলীলায় ইডেন উদ্যানকে মা-কাকিমাদের রান্নাঘরেও পৌছে দিত। আর ছিল বিকেলবেলায় কলকাতা ফুটবল লীগের খারাবিবরণী। এঁদের কাছেই আজন্মে শিখে গেছি জনসমাবেশে কথা বলার কায়দা কানুনা।

আমাদের ছেলেবেলায় এখনকার মতো কর্পোরেট দুর্গাপূজা হত না। দুর্গা মায়ের আগমন এবং শরতের রোদুর - এই দুইই আমরা বুঝতে পারতাম মহালয়ার দিন ভোরবেলায় প্রচারিত বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের মহিষাসুরমর্দিনী শুনতে। ভোর চারটের সময় সবাই মিলে রেডিও ঘিরে বসে শুনতাম মায়ের আগমনী গান। ওই একদিন বড়দের সঙ্গে চা-বিস্কুট খাওয়ার অনুমতি পেতাম। প্রায়ই ঘুমিয়ে পড়তাম মাঝখানে। হঠাৎ ঘুম ভেঙে যেত 'রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিবো জহি' শুনতে। এখন আবশ্য পাড়ার বিশ্বকর্মা পূজোতেও মহিষাসুরমর্দিনী বাজে।

মধ্যবিভ বাঙালির যবে যবে তখন দুটি সদস্য - রেডিও ও হারমোনিয়াম। এইভাবে আটের দশক, নয়ের দশক পেরিয়ে যেতেই বাঙালি বাড়ির আবিষ্কৃত্য আংশ রেডিও হঠাৎ টিভি, ভিসিআর, টেপ রেকর্ডার, মোবাইল ফোন, কম্পিউটারের কাছে হার মানতে মানতে হারিয়েই গেল। ঠিক যেন বাঙালি সংস্কৃতির মত। আমরাও গুরুজনদের পায়ে হাত দিয়ে প্রণাম করে বিজয়া পালন করা ভুলে মাদার্স ডে, ফাদার্স ডে ইত্যাদি পালন করতে শুরু করলাম।

তবুও যখন নড়বড়ে বর্তমান থেকে অতীতের শব্দ ভিতটাকে খুঁজতে যাই, অবধারিত ভাবে মনে পড়ে যায় বাড়ির রেডিওটার কথা। বুকের মধ্যে মোচড় দিয়ে বেজে ওঠে-

"এত সুর আর এত গান
যদি কোনদিন থেমে যায়
সেইদিন তুমিও তো ওগো
জানি ভুলে যাবে যে আমরা।"

সমাপ্ত

Glipmses of Bengali Borshoboron 1432



করোনার কবলে

প্রীতম রায়



সকাল থেকে বিরাবিরে বৃষ্টিটা হয়েই চলেছে। অনেক অপেক্ষা করেও যখন দেখল থামার নাম নেই, বাবলু তার পেট্টাই তিনচাকাটাকে রাস্তায় নামিয়েই ফেললো। রোজ সকালে সে গাড়ি নিয়ে রোয়াপাড়া মেট্রো স্টেশনে যাত্রীদের অপেক্ষা করে। কিন্তু দিনকাল খারাপ। করোনার জন্য মেট্রো চলাচল বন্ধ। মেট্রো স্টেশনকে কেন্দ্র করে যে চার-পাঁচটা রুট চলে তার সবকটার অবস্থাই সঙ্গিন। তারপরও গোদের ওপর বিবকোঁড়া এই আবহাওয়া। কয়েকদিন লোকে বাড়ির বাইরে বেরোতেও দু'বার ভাবছে। ভয়ঙ্কর এই রোগটার নাম বাবলু সবার মুখে শুনেছে। বাদুড় না চামচিকা কি একটা থেকে ছড়িয়েছে। এখন তো মাস্ক, স্যানিটাইজার, লকডাউন, কোয়ারেন্টাইন, কনটেনমেন্ট জোন এসব শব্দ যাত্রীদের মুখে শুনে শুনে কান পচে গেছে। বাজারের যা হাল, স্বয়ং ভগবান এসে গাড়ি চালানোও যাত্রী আসবে না। এই যাহ! ভগবান বলতে মনে পড়লো, রোজ সকালে কালীঠাকুরের ফটোটা গাড়িতে লাগিয়ে, মালা বুলিয়ে, ধূপ জ্বালিয়ে গাড়ি রাস্তায় নামায়। আজ বৃষ্টির চক্করে বেমানম সব তুলে মেরে দিয়েছে।

-কি রে, কি ভাবছিস? যাত্রী না এলে রাস্তা থেকে দুটো কুকুর উঠিয়ে গাড়িতে তোলা। মা যক্ষীর আশীর্বাদ পাৰি। বললই ফ্যাক করে দাঁত বের করে হাসলো বাবু। বাবুও বাবলুর রুটেই গাড়ি চালায়।

-যা আবহাওয়া, গলাটা কেমন যেন শুকনো শুকনো লাগছে সকাল থেকে। তারপর আবার শুনাছি সরকার নাকি সব দোকানপাট বন্ধ করে দিচ্ছে। বসে বসে মাছি না তাড়িয়ে চল দুই ভাই মিলে একটু গলা ভেজাই।

বাবলুরও কথাটা মন্দ বলে মনে হলো না। তবে তার ভাঁড়ে মা ভাবানী। একটু ইতস্তত করছিল, বাবু বুঝতে পেরে বললো,

-চল আমার স্তকে আছে কিছু, এক যাত্রী বেশার যোরে, ব্যাগ সমেত গাড়িতেই রেখে নেমে গেছিলো, টুক করে তুলে রেখেছি। কয়েকটা ভালো ব্রান্ডেরইবোতল হবে, আছে গাড়ির পেছনো।

- কিন্তু বাবুদা, বেশি খাবো না, সন্ধ্যােগাড়ি নিয়ে বাড়ি ফিরতে হবে।

-কোন চিন্তা করিস না, আমি দু'বোতল শেষ করেও একহাতে গাড়ি চালিয়ে তোকে ঠিক তোর বাড়ি পৌছে দিতে পারবো।

বাবুর কথায় কিছুটা আশ্বস্ত হয়ে বাবলু বললো, তাহলে তুমি ওগুলো বের করে রাখো আমি ঘটিগরম, চানাচুর বা পাই নিয়ে আসি। বাবুও ঈশ্বং হেসে সায়া দিলো।

এরপর বাবুর গাড়িতেই বসে শুরু হলো পানপর্ব। পলিথিনের চাদর টানা গাড়িতে ওরা দুজন, আর বাইরে তখন বামাবাম বৃষ্টি। প্রায় দেড় ঘন্টা পর বৃষ্টিটা একটু থরে এল, কিন্তু আকাশ এখনো মেঘলা। হেমন্তকালচলছে, কখন যে বৃষ্টি করে সন্ধ্যাে নেমে আসবে কে জানে! এদিকে বাবলুর মাথাটা ক্রমশ ভারী হয়ে আসছে, আর বাবু গাড়ির একটা কোণ বেছে নিয়ে তাতে মাথাটা সের্টিয়ে আঘোরে হাঁ করে ঘুমোচ্ছে, যেন পুরো বিশ্বব্রহ্মাণ্ড গিলে নিয়ে আরাম করছে। এবার বাবলুকে একাই গাড়ি নিয়ে ফিরতে হচ্ছে, আর উপায় নেই। আস্তে করে প্লাস্টিকেরচাদরটা সরিয়ে সে বাইরে এল। আকাশে এখনো সূর্যাস্তেরলাল আভাটা ছড়িয়ে আছে, বাবলু তার গাড়ি নিয়ে বেরিয়ে পড়লো।

রাস্তায় আন্ধকার বেশ বেড়ে গেলো। হেডলাইট জ্বালিয়ে আন্ধকারের বুক চিরে বাবলুর গাড়ি ছুটেতে লাগলো। রাস্তা পুরো শূনশান, এদিকে কেউ একটা আসে না। কাছেই একটা আবর্জনার পাহাড় আছে, খুব বিপ্রী গন্ধ ছড়ায়। লোকমুখে বাবলু শুনেছে এটা নাকি দুর্গন্ধের দিক থেকে ধাপার মাঠকে দশ গোল দিতে পারে। খানিকটা এগোতেই গন্ধটা তীব্র হল, আর সেই সঙ্গে বাবলু তলপেটে চাপ অনুভব করল। না এখানেই থামতে হবে, এতো খাওয়া উচিত হয়নি। একরাশ বিরজি নিয়ে, গাড়িটা সাইড করে, একটা হাত দিয়ে নাক চেপে বাবলু হালকা হতে গেল।

কাজ সেরে ফিরে এসে, গাড়িতে বসে স্টার্ট দিতে গিয়ে বাবলুর বুকটা ছ্যাঁত করে উঠলো। পেছনের সীটে একটা মেয়ে, বছর সাতের কি আঠেরোর হবে, এসে বসেছে। আন্ধকারে ভালো করে মুখ দেখা যাচ্ছে না। আসলে তার গাড়িতে পেছনের দুটো সীটে, চারজন মুখোমুখি বসার জায়গা আছে, আর মাঝেরটায় তিনজনের। পেছনের ছোট দরজাটা পার হয়ে কখন যে মেয়েটা এসে বসেছে, বাবলু খেয়াল করতে পারেনি।

- বাড়ি ফেরত যাচ্ছি, এখন ভাড়া হবে না। বাবলু টেঁচিয়ে বলল।

-আপনি যেদিকে যাচ্ছেন, সেদিকেই যাব। খুব দরকার পড়েছে, যমে মানুষে টানাটানি ব্যাপার! একটু নিয়ে চলুন না প্লিস।

বাবলু এমনিতেই এক কথার মানুষ, কিন্তু 'প্লিস' শব্দটায় বোধহয় কিছু আছে, আর তাছাড়া গলাটাও কেমন চেনা চেনা ঠেকছে।

লুকিং-গ্লাসে এবার ভালো করে দেখলো মেয়েটাকে, আড়াআড়ি বসার কারণে একপাশের মুখশ্রী বাবলুর নজরে আসছে। পরনে একটা

হাতকাটা গেম্ভি টাইপ, এটার নাম বাবলু জানতো, এখন অনেক চেষ্টা করেও ড্রেসটার নাম মনে করতে পারলো না। দেখেই খুব হাই প্রোফাইল কেউ মনে হচ্ছে, বাবলু বললো,
-দেড়শ টাকা লাগবে।

-দেবো, চলুন, মেয়েটা বললো।

এতক্ষণে বাবলু মেয়েটাকে চিনেছে, তার গাড়িতে করে মাধ্যমিক পরীক্ষা দিতে যেত বছর দুয়েক আগে। তারপরও রাস্তায় কয়েকবার দেখেছে। একটা অচেনা ছেলের বাইকে করে যেতে। ইলেন্ডেন এ উঠে খুব ডানা গজিয়েছিলো। তবে বেশ কিছুদিন নজরে আসেনি, আর এখানে এরম সময়ে দেখে বাবলু প্রথমে চিনতে পারেনি।

এতো বৃষ্টি বাদলার দিনে একা একা কোথায়, যাচ্ছে জানা দরকার। বাবলু জিজ্ঞেস করলো,

- কোথায় যাবে?

- বিদ্যবাসিনী নার্সিং হোম, উত্তর এলো।

- ক্যামিলির কেউ ভর্তি আছে?

-না, বলে মেয়েটা একটু লাজুক ভঙ্গিতে হাসলো।

বাবলু ব্যাপারটা বুঝলো। সে আরেকটু কৌতূহলী হয়ে জিজ্ঞেস করলো, সেই বাইক দাদাবাবু নাকি? অ্যাক্সিডেন্ট-ট্যাকসিডেন্ট কিছু? যা জোর বাইক চালাতেন!

-না, একসিডেন্টনা। বড়োসড়ো একসিডেন্ট হলেও ঠিক ছিল, ও খুব ভালো গাড়ি চালায়, এ'রম কোনোদিন হতো না।

- আসলে তুমি বললে না যমে মানুবে টানাটানি, তাই ভাবলাম। বলেই বাবলু মনে মনে আবার চিন্তা করতে লাগলো মেয়েটা বলে কি? বয়স্কেন্ডের বড়োসড়ো অ্যাক্সিডেন্ট হলে ঠিক ছিল?

ব্রেকাপ হয়ে গেছে হয়তো, তাহলে আবার দেখতে যাচ্ছে কেন? এখান থেকেই বা কেন উঠলো? এইসব অজস্র চিন্তা বাবলুর মাথায় ঘুরপাক খেতে লাগলো।

খানিকদূর এগোতেই আবার বৃষ্টি শুরু হল। বাবলু এবার পড়লো মহা ক্যাসাদেনার্সিং হোমটা বেশ দূরে। নেশাটাও তীব্র হয়ে এসেছে। ঘুম পাচ্ছে খুব। কথা বলতে হবে ঘুম তাড়ানোর জন্য। তাই বাধ্য হয়ে শুরু করলো,

-তোমাকে তুমিই বলি, আসলে আমার খুব ঘুম পাচ্ছে, তাই কথা বলছি। তোমার উত্তর দিতে ইচ্ছে না করলে দিও না, কেমন?

মেয়েটা সম্মতিসূচক ঘাড় দোললো।

- তুমি যাকে, দেখতে যাচ্ছ সে কি জানে তুমি একা যাচ্ছ? আর হয়েছেই বা কি? তেমন কিছু সিরিয়াস হলে তার পরিবারের লোকেরা বুঝবে। কথাটা বলেই বাবলু বুঝলো, একটু অভিব্যবহেরমতন শোনাচ্ছে কিন্তু নেশার পর এ'রম প্রবচন তার মুখ থেকে এমনিই বেড়িয়ে আসে।

--ওর করোনো হয়েছে, আর পরিবারের কেউ সেটা বুঝছে না, নার্সিং হোমে রেখে ব্রেকাইটিস এর চিকিৎসা চলছে।

-তুমি কি করে জানলে এটা? চিকিৎসকরাআছেন তারাই বুঝবেন ভালো।

- আমি ছাড়া আর কে জানবে? আমার থেকেই তো

- তোমার থেকেই মানে? বাবলু মাঝ খোঁজার জন্য হাতড়াতে লাগলো, পেলো না।

- ব্যস্ত হবেন না, আমি এখন ইমিউন।

-বেশ কয়েকমাস আগের কথা, লকডাউন শুরু হয়েছে, রাস্তায় বেরোলে পুলিশ বেদম পেটাচ্ছে। আমার খুব জ্বর এল, ভাবলাম, গঙ্গার ঘাটে বসে ঠান্ডা লেগেছে। আসলে ওর বাইকে করে গঙ্গার ঘাটে যেতাম রোজ। তারপর এক সপ্তাহ যরবন্দি, এই ওষুধ, সেই ওষুধ, কিছুতেই কোনো কাজ হচ্ছিলো না। খুব দুর্বল হয়ে যাচ্ছিলো। রোজ ফোনে ওকে বলি। একদিন দুপুরবেলা বললো গঙ্গার ঘাটে দেখা করতে। পুলিশদের লাঠি এড়িয়ে শুধু আমায় দেখার জন্যই আসছে। আরো বললো যে জ্বরটর ওসব দেখা করলেই ঠিক হয়ে যাবে।

এতটা বলে মেয়েটা একটু চুপ করলো। বাবলুরও ঘুম ছুটে গেছে। বাবলু ভাবছে গাড়িটাকে স্যানিটাইজ করতে হবে কাল সকালে। দেড়শো টাকার নোডে, শেষে না পাঁচশো টাকা বেরিয়ে যায়। এইসব সাতপাঁচ ভাবতে ভাবতে বাবলু বললো, তারপর?

- তারপর আর কি? যা হয়, মাঝ ছাড়া একটু মুখোমুখি বসে কথা বললাম, ও সরি, শুধু কথা না.....

বাবলু হাত দেখিয়ে থামতে বলে বললো,

- থাক, বুঝে গেছি। কিন্তু তুমি যেখান থেকে উঠলে ওখানে কেন এসেছিলে? তোমার বাড়ি তো উল্টো দিকে।

-হুম। আমার কথাটাই তো পুরো শেষ করতে দিলেন না আপনি। আমি তো সেদিন বাড়ি ফিরে দেখলাম পাড়ার ডাক্তারকাকুকাদের সব নিয়ে এসেছে। আমার আশেপাশে কেউ বৈষছে না। বাবা,মা সবার চোখে জন! বাড়ি থেকে সোজা গেলাম কলকাতার এক নামকরা হাসপাতালে। বাড়ির লোকদের কাউকেই আর দেখতে পেলাম না। চৌদ্দদিনেরদিন দেখলাম, কয়েকটা লোক এলো পুরো আপাদমস্তক ঢাকা, আমাকে কালো প্লাস্টিকে মুড়ে ফেললো। তারপর সিঁড়ি দিয়ে যবতে যবতে নিচে নামালো।

বাবলু এতটা শূনে ঠোঁক গিলতে লাগলো, গাড়ি থামিয়ে দিল, হাত কাঁপছে। পিঠে একটা ঠান্ডা কনকনে স্রোত বইছে। আর শূন্যেও ইচ্ছে করছে না। কি বলবে মেয়েটা অনেকটাই আন্দাজ করতে পারছে, আর সেজন্যই কাঁপুনিটা সারা শরীরে ছড়িয়ে পড়ছে। এদিকে মেয়েটা তখনও বলে চলেছে,

-আমায় এই আবর্জনার সুপটার কাছে এনে ফেললো, জানো? তারপর একটা কেরোসিনের শিপি থেকে কিছুটা আমার গায়ে ছড়িয়ে আগুন জ্বালিয়ে দিলো, পুরোটা পুড়লামও না। লোকগুলো ওভাবেই ফেলে চলে গেলো। দেখো মুখের এইদিকটা কেমন জ্বলে গেছে পুরো। কালো পোড়া হাড়গুলো আর বালসে বাওয়া, বুলতে থাকা চামড়াগুলোদেখে বাবলু নিজেকে স্থির রাখতে পারলো না। হটাৎ মাংসপোড়ার বিপ্রী গন্ধে গাড়িটা ত্বরে উঠলো। আঁক আঁক করে গোঙাতে গোঙাতে বাবলু জ্ঞান হারানোর আগে শূন্যে পেল,

"আমি ঠ ওকেই নিঁতে এসেছি হিঃ হিঃ হিঃ।"

পরদিন জ্ঞান ফিরলো সকালে, মুখে জলের বাপটাতে। বাবলু দেখে বচু তার দিকে তাকিয়ে আছে, চোখগুলো বড়োবড়ো করে বচু জিজ্ঞেস করলো,
-কাল বেশি খাওয়া হয়ে গেছিলো নাকি রে? বাড়ির থেকে এতো দূরে এই বিক্যবাসিনী নার্সিং হোমের সামনে তোর গাড়ি দেখেই কেমন সন্দেহ হল। এসে দেখি এই অবস্থা।

-কিন্তু বচুদা, এতো সকালে তুমি এখানে? বাবলু জিজ্ঞেস করলো।

- এই দেখনা, একটা ডেডবডি নিয়ে যেতে ডেকেছে, তবে আমি না করে দিয়েছি। কানায়ুধো শূন্য ছেলেটা নাকি করোনায় মরেছে। আপনি বাঁচলে বাপের নাম!

-বচুদা, প্লিস, ডাক্তারকে জিজ্ঞেস করে আসবে করোনা ভুতের থেকে মানুষের হয় কিনা! বাবলু ঠ ঠক করে কাঁপতে লাগলো।

- নেশাটা তোর সত্য হয়নি কাল, আজও যোর কাটেনি তোর, চল বাড়ি চল। জ্বর আসছে মনে হচ্ছে।

বাবলু নিজের বুক হাত দিয়ে দেখলো হৃৎপিণ্ডটা স্তব্ধ লাফলাফি করছে। আরে! বুকপকেটে এটা কি? বাবলু দেখলো, একটা ডাঁজ করা একশ আর আরেকটা নতুন পঞ্চাশ টাকার নোট উঁকি দিচ্ছে!

সমাপ্ত



Study Abroad Consultants

A one stop shop for all your global education need...

Our Services:

- ✓ 360° view of the chosen country
- ✓ Right Course selection
- ✓ Accurate university selection
- ✓ Error-free application process
- ✓ Prudent financial guidance
- ✓ Expert visa assistance
- ✓ Simulated mock interview sessions
- ✓ Pre-departure orientation
- ✓ Futuristic career counseling
- ✓ Road map to your settlement
- ✓ Online coaching for IELTS, GRE, TOEFL & others
- ✓ Assistance on visit visa for all countries



ACCREDITATIONS



 **+91 77299 97891**

 **www.iaecconsultants.com**

 **kripal@iaecconsultants.com**

মজার পাতা

শব্দজাল

| | | | | | | | |
|----|----|----|----|----|----|----|----|
| 1 | | 😊 | 2 | 3 | 😊 | 4 | |
| | 😊 | 5 | | | 6 | | 😊 |
| 😊 | 7 | | | 😊 | | 😊 | 😊 |
| 8 | | | 😊 | 9 | | | 😊 |
| 😊 | 10 | | 11 | 😊 | | 😊 | 12 |
| 13 | 😊 | 😊 | 14 | 15 | | 16 | |
| 17 | 18 | 😊 | 19 | | 😊 | 20 | |
| 21 | | 22 | | 😊 | 23 | | 😊 |
| 24 | | | 😊 | 25 | | | |

উপর-নিচে

- 1- অগ্নিশিখা
- 2- জাহাজঘাটা
- 3- মানুষ
- 4- নিঃস্বার্থে সাহায্য
- 5- সু-_____ বরদাং
- 7- দেশ বা স্থান
- 11- বিদ্যার মহাদেবী
- 12- শীর্ষস্থান
- 13- 'আমার আপনার পাড়ার পূজো'
- 15- সাহসী যোদ্ধা
- 16- বিষ্ণুর রূপ
- 18- মিষ্ট
- 21- বিমল রায় নির্দেশিত সিনেমা
- 22- হাসিঠাট্টা
- 23- কাপড়ে সুতোর কাজ

পাশাপাশি

- 1- বাংলার সমুদ্রসৈকত
- 2- অরণ্য
- 4- ন্যায্য অধিকার
- 5- ম্যানগ্রোভ ন্যাশনাল পার্ক
- 6- সাহিত্যসম্রাট
- 7- বিপরীতে মৌন
- 8- প্রিয় প্রাইভেট ডিটেক্টিভ
- 9- নোবেলজয়ী অর্থনীতিবিদ
- 10- কৃষ্ণের মামা
- 14- বিশ্ব কবি ঠাকুর
- 17- শস্যবিশেষ
- 19- গলার আওয়াজ
- 20- কৌশল্যাপুত্র
- 23- সাফল্য
- 24- শহীদ বিমান সেবিকা
- 25- বিবাহ



ধাঁধা

১. একলা তারে যায় না দেখা, সঙ্গী গেলে বাঁচে।
আধার দেখে ভয়ে পালায়, আলোয় ফিরে আসে।
২. একটুখানি পুস্কনি, পানি টলমল করে।
রাজার ছেলের সাধ্য নেই, জাল ফেলতে পারে।
৩. একটি গাছের বাঁট নাই, তবু দুশ্চর্য হয় প্রচুর।
দোহনকালে থাকে নাকো, তার নিকটে বাছুর।
৪. এতো ভালো বিছানা, কেউ যেন বসে না।
৫. এরা বাপবেটা ওরা বাপবেটা তালতলা দিয়ে যায়।
তিনটি তাল পড়লে তারা, সমান ভাগে পায়।

৬. এক বৃক্ষে ফুটেছে, এক জোড়া ফুল।
হীরা মানিক কভু নয়, তার সমতুল।
৭. এক গাছে তিন তরকারী,
আজব কথা বলি হাড়ি।
৮. এক শালিকের তিন মাথা, দেহ মুখে আঠা।
বাক্সের ভিতর ফেলি তবু, যায় দেশ বিদেশ।
৯. এ কোন ব্যাটা শয়তান, থাকে বসে ধরে কান।
১০. এপার ঝাটি, ওপার ঝাটি।
ঝাটিতে করে, পিটা পিটি।

Note: Solutions provided in page no 35

দেশের বাড়ি

নন্দিতা আচার্য

দেওয়ালের গা পিছলে হালকা লালচে আলো ছড়িয়ে রয়েছে চারদিকে। আর রয়েছে বড় বড় কয়েকটা আয়োনপেন্টিং। বিরিয়ানির গন্ধে ম ম করছে চারদিক। ইকবালভাই বলল, এখানের ফিরনিও খুব বিখ্যাত। আমি হাঁ করে চারদিক দেখছিলাম। ইকবাল ভাইয়ের কাছে আমার কুতূহলার শেষ নেই। তবু আমার দমবন্ধ হয়ে আসছিল যেন...

“ব্রেন কারি খাইয়া দ্যাখেন...সেও বড় বিখ্যাত”। ইকবালভাইয়ের বন্ধু আসিফ রেজা আমাকে বলল। আর আমি বলতে যাচ্ছিলাম, “জানেন তো, এখানে না জীবনানন্দও আসতেন মাঝে মাঝে”।

“গরুর ব্রেন কারি, খাইবেন তো আপনি”? আসিফ আমার দিকে তাকিয়ে বলে।

আমি বলি, “না না, গরু আমি খাইনা”।

“হু, আপনাকে তো শাস্ত্রে নিবেশা” আসিফ মেনু কার্ডে ঝুঁকি পড়ে অন্য খাবার খোঁজে।

আমি বিব্রত মুখে হাত-পা নেড়ে বলি, “আরে না, বিষয়টা তা নয়। আসলে আমার মামাবাড়িতে অনেক গোরু পোষা হত। ছোট বয়সে তাদের সঙ্গে খেলে বড় হয়েছি। তাই খাইনা আর কি। বছর খানেক আগে অদি কোন মাংসই খেতাম না। চারধারে হাঁস মুরগি, ছাগলছানা... সবই বড় প্রিয় ছিল”।

“আচ্ছা....আপনি বড় সেনসিটিভ মানুষ দেখতে আসি”।— ইকবাল ভাই হাসে।

“মিস্ট্র মনা, তোমার মাথায় আবার সেই স্কু ঢিলে হয়েছে”?

আমি রেগে পা ঠুকি... “তুমিও এমন কথা বলবে? কবে থেকে পাসপোর্ট বানিয়ে বসে আছি, শুধু ওখানেই যাব বলে”?

“হুম... আগে গেলেনা কেন বাবু? এমন একা একা এখন... আমিও কদিন বাদে বাইরে বেরিয়ে যাচ্ছি ...”

“বাবা যেতে দেয়নি গো, সেই যে রায়টের সময় পালিয়ে এসেছিল, এইটুকু বাচ্চা তখন; সেই আতঙ্ক আর কাটেনি। বাবা এমন আচমকা চলে গেল...! তারপর থেকে ওই দেশ আমাকে বড় টানছে। সেই সব পুকুর-খাল-নদী, বাড়ি-বাগান... আমি না সব চোখের সামনে দেখতে পাই। দাদুর কাছে, বাবার কাছে এত গল্প শুনছি...”

“জানি মনা, বাবার জন্য তোমার কেমন কষ্ট হয়....”। বৈভব মাথা ঝুঁকিয়ে রব*দ্রুসদন স্টেশনের মধ্যেই মাথার ওপর একটা চুমু খায়।— “আমি সব বুঝি বেবি”!

“কী বোবা”?

“-তোমাকে! আমি দুদিন ছুটি নিয়ে তোমার সঙ্গে চলে যাব? ওখানে তোমাদের বাড়িটারও তো কোন নির্দিষ্ট হৃদিশ পেল না”!

“এ মা... কদিন বাদেই না তোমার ডেনমার্ক যাওয়া? না হলে লুকিয়ে লুকিয়ে তুমি সঙ্গে গেলে তো আমার দারুণ লাগতো”!

“পরে গেলে হয় না? আমি যুরে আসার পর”?

“নাহু;...আমাকে এখনই যেতে হবে। বরিশাল আমাকে ভীষণ টানছে...। বাধা দিও না। আজ ভিসা পেলাম। দু’তিন দিনের মধ্যে বেরিয়ে যাব। তুমি যাবার আগে তো আমাকে ফিরতে হবে? আর দেশের বাড়ির খোঁজ তালরেডি লাগিয়ে দিয়েছি, ওখানের এক বড় জার্নালিস্টকে বলেছি। বাবা তখন এত ছোট ছিল...পিসিরা একটু বড়, তাও ঠিকমত অ্যাড্রেস বলতে পারছে না। ও ঠিক খুঁজে বার করব আমি। নিজেও তো সাংবাদিক, না”?

“-এটা ভাল খবর। তবে ভিসা আদায় করে দিয়েছ, আমি জানিনা...”

“-দেখলে কেমন আচমকা বৃষ্টি নামলো? ওম্মা রাগ করে না বাবু, তুমি বাইরে যাবে; এসময় কত ব্যস্ত। বললে পরে সেই নিয়ে পড়তে... চেনা ছিল, কোন আসুবিধা হয়নি। চল দৌড়ে ওপরে যাই, টি জংশনটা ওখানেই তো”?

- “তোমরাও কি জমিদার ছিলে সেখানে”? বৈভব পকেট থেকে বড় রুমাল বার করে আমার মাথা মুছতে মুছতে জিজ্ঞেস করে। “দীঘি, কাঠের বাড়ি... কত কি ছিল না তোমাদের”?

“তোমাকে গল্প করেছে তো; হ্যাঁ গো, দীঘি, কাঠের বাড়ি সব ছিল। আমরা জমিদার ছিলাম না, কিন্তু বেশ খলী ছিলাম। বাবার দাদু খুব বড় ব্যবসায়* ছিলেন। প্রচুর সম্পত্তি করেছিলেন। রাজা, জমিদারদেরও তিনি টাকা খার দিতেন”।

“তাই? বাপরে, কিসের ব্যবসা ছিল”?

“না, সে শুনলে তুমি খারাপ ভাববে”।

“মানে! কাকে? তোমার বাবার সেই দাদুকে? উফহু পাগল আর কাকে বলে! বেশ বলতে হবে না...”

“না বলব! লজ্জা পাচ্ছি একটু, আমাকে খারাপ ভাবনা যেন! আমার দাদু আর তাঁর ভাইয়েরা খুব শিক্ষিত ছিল। কিন্তু তাঁদের বাবার ছিল মহাজনী ব্যবসা। সুদে টাকা খাটানো; এক রাজা তো প্রচুর টাকা নিয়ে শোধই দিল না। সেই শোকেই নাকি বাবার দাদু মারা গেছিলেন। ছোট বয়সে একদিন আমার দাদুকে বলতে শুনছিলাম, সুদের ব্যবসার পাপ তাঁকে ধারণ করতে হয়েছে; তাই বোধহয় বাড়ি-জমিজমা-কলিজের চাকরি সব ছেড়ে এক কাপড়ে তাঁকে দেশ ছাড়তে হল!

“তুমি কোন চা খাবে? ওই স্পেশাল চা-টা বলি? মিস্ট্র রাণী, এসব কথা শুনলে আমারও কেমন কষ্ট হয়! আজ তোমার দেশের বাড়ির গল্প

শুনব। বলবে আমাকে?”

“ধেং, তুমি আমার মন রাখার জন্য বলছ, মোটেই এমন হচ্ছে হচ্ছে না! তোমার আরিজিন তো এখানেই। দেশ ছেড়ে আসার বেদনা তুমি বুঝবে না সোনা! আশ্চর্য ভাবে সে জিন আমিও বহন করে চলেছি! আমার বাবা, দাদু...কেউ আর দেশে ফিরে যেতে পারেনি। একবার যদি বাড়িটার কাছে গিয়ে একটু দাঁড়াতে পারতাম...তাদের আগ্রাসী আকাঙ্ক্ষা আমার দৃষ্টি দিয়েই মিটিয়ে নিতাম!”

“দেখ আমি কেমন আগ্রহ নিয়ে তাকিয়ে আছি; বাইরে বৃষ্টি পড়ছে... বল মিস্ট্রি, সে সব নদী, কাঠের বাড়ি, খাল-বিল-বাগানের গন্ধ?”

“বড় বড় কাপে করে ধোঁয়া ওঠা চা আসে, সঙ্গে গরম ফ্রেন্স ব্রাই”।

“- বাবার কাছে, দাদুর কাছে শোনা কত গল্প। বাড়ির চারতলার ওপর ছিল একটা বিরাট হলঘর। দেওয়ালে তার কাঠের কারুকাজ। মাথার ওপর টিনের চাল। বৃষ্টির ফোঁটা সেখানে আঁতুত সুর তুলত। বাবার ছোট থেকে মা ছিলনা। তাই ঠাকুমা তাকে খুব ভালবাসতেন। বৃষ্টির দিনে সব নাতিনাতিনিকে নিয়ে ঠাকুমা গল্পের প্যাটরা খুলে বসতেন। আমার অল্পবয়সি দাদুভাই, কলেজে পড়িয়ে, নিজেদের বইয়ের দোকান ঘুরে তখন হয়তো সাইকেলে চেপে বাড়ি ফিরছেন। তিনি চাকরি পেয়েছেন বরিশালের বিখ্যাত ব্রজমোহন কলেজে। তাঁর বাড়ি ফেরার বাঁধানো সেই রাস্তার দুদিকে ছিল খাল আর আজস্র সবুজ গাছ। খালগুলো কিছু নদী ছিল আগে। দিনে দিনে তা খালের আকার নিয়েছে। আসলে বরিশাল হল চারদিকে জলে ঘেরা এক দ্বীপ। মানুষকে সেখানে প্রতিনিয়ত যুদ্ধ করে বাঁচতে হত। এই যে সবাই বলে না, বরিশালের মানুষ দুর্ধর্ষ; তাদের রোজকার জীবন যাত্রাই হয়তো তাদের এমন করে গড়ে তুলেছিল”।

“কী সুন্দর মিস্ট্রি... আমার যেতে হচ্ছে করছে”।

“আমাদের নিজেদেরই একটা দীঘি ছিল। সেখানে বিরাট বিরাট মাছ জলের মধ্যে ঘাই মারত। ছোটরা সেই দীঘিতে সাঁতার দিত, নৌকা বাইত। বাবার অল্পপ্রাপ্তে তিরিশ আর চল্লিশ কেজির দুটো মাছ তোলা হয়েছিল সেখান থেকে। আমার দাদুভাই তার নতুন বউকে নিয়ে সেখানে দাঁড়িয়ে লুকিয়ে লুকিয়ে গল্প করত। আমারও খুব হচ্ছে, তোমার হাত ধরে ওই দীঘির পাশে দাঁড়াই, হিহি...”

“হ্যাঁ তো, আমি পরের বারই তোমার সঙ্গে ঘুরতে যাব... তোমার দেশের বাড়ি। আচ্ছা সেই আঁতুত নামের নদীটা...তার কথা বললে না?”

“কীর্তনখোলা। আমাদের বাড়ি থেকে খুব বেশি দূরে ছিলনা তা। বর্ষাকালে এত এত ইলিশ মাছ উঠত সেখানে... আস্ত আস্ত মাছ ভাজা খেত সবাই। বছরে একবার করে সেখানে বাইচ প্রতিযোগিতা হত। আমার দাদুভাই বৎসর সে খেলায় জিতেছে। আমি তখন খুব ছোট্ট, দাদুভাই বৃন্দ হয়ে গল্প বলে যেত আমরা...সব বুঝতামও না। শুধু তার জ্বলজ্বলে চোখ দুটোর দিকে তাকিয়ে থেকে আমার খুব আনন্দ হত। দাদুভাইকে প্রায়সময়ই আমার ভীষ্মর মত মনে হত। কিন্তু ওই সময়গুলোতে তাকে আমার অর্জুনের মত উজ্জ্বল লাগত”।

“মিস্ট্রি...আমাকে তোমার কার মত লাগে?”

“দেখ কাভ, কোথ থেকে কি! আচ্ছা বেশ... কৃষ্ণের মত! দুরন্ত, দুষ্ট...আমাকে ফেলে খালি এদিক ওদিক চলে যাও”!

“হাহা...তাই? তুমিও তো আমার থেকে দূরে দূরে থাক। এই যে এখন আমরা ফেলে বাড়ি দেখতে চলে যাচ্ছ, সে বেলনা?”

“আমাদের সেই বাড়িতে ঢোকান মখেই ছিল কৃষ্ণ মন্দির। দুদিকে বড় বড় পুকুর আর তার মাঝখানে দিয়ে রাস্তা চলে গেছে সদর দরজা অঙ্গি। বাড়ির মধ্যেই পাঠশালা ছিল, দূর দূর থেকে ছেলেরা পড়তে আসতো। সেই দুর্দান্ত প্রতাপ মানুষটি বোধহয়... সুদ নেবার পাপ যোচানোর জন্যই, মন্দির আর সবার জন্য পাঠশালা খুলে দিয়েছিলেন। জানিনা...এখন গিয়ে কতটা কি দেখব! ভিন্ন ধর্মের মানুষের বসবাস এখন। দাদু নাস্তিক ছিলেন; তবু মাঝে মাঝে তিনি মন্দিরটার কথা বলতেন... আশ্চর্য”!

“অনেক কিছুই জানা বোঝার বাইরে থাকে মিস্ট্রি! এই যে তুমি এখনকার জেনারেশন; তোমার বেড়ে ওঠা, এমনকি তোমার বাবা-মা’র বেড়ে ওঠাও কলকাতায়... তবু তুমি পূর্বপুরুষের ছেড়ে আসা দেশ এবং দেশের বাড়ি নিয়ে কত অবসেসড”!

“আমি চা’য়ে চুমুক দিই। বৈভবের বড় বড় আঙুলগুলো হাতের মুঠোয় নিয়ে ভাবি, অবসেসড! কে জানে...”

* * * * *

বুড়িগঙ্গা পেরিয়ে মেঘনার ওপর দিয়ে জাহাজ এগিয়ে চলেছে বরিশালের দিকে। ঢাকা থেকে জাহাজে ওঠার আগেই ইকবালভাই সুখবরটা দিয়েছিল। ব্রজমোহন কলেজে খবর লাগিয়ে তিনি অবশেষে আমাদের বাড়ির সন্ধান পেয়েছেন। বইয়ের দোকানটিরও আবছা আভাস পেয়েছেন। জাহাজের ডেকের ওপর প্রচণ্ড হাওয়া। সেই হাওয়ায় আমি বেন উড়ে চলেছি। যে উঠোনে বাবা গোব্বাছুট খেলত, যে দীঘিতে গামছা পেতে মাছ ধরত, কাল সকালেই আমি সে বাড়ির সামনে গিয়ে দাঁড়াবো! মাঝরাত অঙ্গি নদীর অপূর্ব শোভা দেখে শুভে ঘাই নিজের সিঁড়ি কেবিনটিতে। উদ্বেজনায়ে ভাল ঘুম হয়না। রাশি রাশি জন পেরিয়ে আমাদের চারতলা বালমলে জাহাজ এগিয়ে চলে গন্তব্যে... কীর্তনখোলা নদীর পাশে সাম্রাজ্য বিছিয়ে থাকা বরিশালে”।

“জাহাজের আগাপাস্তানা ঘোরাঘুরি করে প্রচুর নতুন বন্ধু করে ফেলেছি। তারা “ইন্ডিয়া থিকা আসা একা মাইয়ার” আপ্যায়নে ব্যস্ত হয়ে পড়ে। জাহাজের ক্যাপ্টেন অর্থাৎ সারেও পর্যন্ত তাঁর কেবিনে বসিয়ে আমাকে নদী চেনায়। বরিশাল তো তাঁরও দেশ। সেই দেশ “দ্যাখতে আসা” একা মেয়েটির তিনিও খেয়াল রাখেন। “-বুইন, রাতে দাওয়াত আসে, আমার সঙ্গে থা। আর ভোর রাতে আমি তোমারে ডাইক্যা দিমু, তখনই চন্দ্রদ্বীপ আইবে”।

“আমার গলা ব্যথা করে...। এত ভালবাসা- বাবা, দাদু ...কেউ দেখল না”!

“সামান্য একটু ঘুম; ভোররাতে নিজেই ধড়মড় করে জেগে উঠি। স্বপ্ন দেখছিলাম, দেশের বাড়ির দাওয়ায় বসে মুড়ি নারকোল খাচ্ছি আর দাদু পাশে বসে আমায় গাছ চেনাচ্ছে। রাত শেষ হয়ে আসছে। খুঁড়োখুঁড়ি করে চারতলার ডেকে গিয়ে দাঁড়াই। পাশেই সারেং দাদার কেবিন। একটু বাদেই তিনি ডাক দেন... ওই দেখ বুইন, কীঠনাখোলার ওপর চন্দ্রদ্বীপ, জিগাইছিলো না?”

“আপো অন্ধকারের মধ্যে দূরে জেগে উঠছে দ্বীপ, যেখানের রাজা আমাদের বাড়ির এক পুরুষকে প্রতারণা করে নিঃস্ব করে দিয়েছিলেন। ইতিহাস জানেনা... কেউ জানেনা সে কথা; শুধু ফিসফিস করা এক অনুরণন থেকে যায় সেই পুরুষটির উত্তরসূরীদের মধ্যে”।

“ভোর হয়ে আসে...ডাবের শাঁসের মত একটা সকাল। চারদিকে জল আর সবুজের গন্ধ। কোথেকে এক বুলবুলি পাখি, বুকুর ভেতর মোচড় দিয়ে কেবলই আমার কানের কাছে ডেকে যায়। জাহাজ এসে লাগে যাটে। ইকবালভাই এসেছে আমাকে নিয়ে যেতে। মনে হয় তাঁকে জড়িয়ে ধরি। কারণ ইনি আমাকে দেশের বাড়ি দেখাবেন...”

* * * * *

“-আগে ব্রজমোহন কলেজ যাই, আপনার দাদা পড়াইখেন তো? প্রিন্সিপাল সাহেবের বইল্যা রাখসি। আপনাগো বাসায় যাবার পথটা হেই দিকেই”।

“আমি যাড় নাড়ি, আচ্ছা। কিন্তু বাড়িটা ভাল করে দেখতে পাব তো? সন্ধ্যার জাহাজেই তো ফিরে যাব”!

“আরে অবশ্যই! ওই দ্যাখেন জীবনানন্দের বাসা... আপনার দাদার বন্ধু আসিল তো? এখানের বাতাসটা দ্যাখসেন, কী মিষ্টি”!

“না, আমার দাদুভাইয়ের থেকে অনেক বড় ছিলেন তিনি। তবে বইয়ের দোকানে আসতেন। অনেক বড় বড় মানুষ আসতেন সেখানে। আচ্ছা খাল কোথায়? বাবা আর দাদুর কাছে পথের দুধারের সেই খালের কথা অনেক শুনেছি। সেখানে নাকি জোরার ভাটাও খেলত”।

“দ্যাখেন দুধারে...খাল সরু হইয়া আইসে; আগের মত নাই”।

“রাস্তার দুপাশে পরিষ্কার টলটলে জলের নর্দমা। গাড়ি এগিয়ে চলেছে, কলেজ এবং সেখান থেকে আমার বাড়ি”।

কলেজে গিয়ে নেমপ্লেটে দাদুভাইয়ের নাম দেখি, বিশাল মাঠগুলোর দিকে হাঁ করে তাকিয়ে থাকি; এখানেই তো দাদুভাই তার ছাত্রদের সঙ্গে ফুটবল খেলত। ভাললাগা কুলকুল করে বয়ে যায়...এ সমস্ত কথাই আমার জানা, শোনা...! প্রিন্সিপাল স্যার ‘দুধা মাছভাত খাইয়া’ যাবার জন্য জোরাজুরি করেন। এই আমাদের দেশ ছিল? কী অপূর্ব!

এদিকে সময় নেই আমার...বাড়ি দেখতে হবে। আমার মা, আমার কাকা-পিসিরা অপেক্ষা করছে সে সমস্ত গল্প শোনার জন্য। তাদের স্বপ্নে থেকে যাওয়া সেই বাড়ি...

* * * * *

গাড়ি যত এগোয়, গাছে ঠাসা বাকবাকে রাস্তা। যেন কোন পয়তিন শহর। আর এই দিনদুপুরেও তীব্র বিঁবিঁর ডাক। আমার বুকুর ভেতর প্রবল ওঠাপড়া; সত্যিই আমি দেশের বাড়ি এলাম!

গাড়ি দাঁড়ালো। দুদিকে টলটলে পুকুর, বড় বড় নারকোল-সুপুরি-হিজল আর রেন দ্রি। আমি এগিয়ে চলি স্বপ্নের সেই রাস্তা ধরে। এইতো আমার বাড়ি ঢোকায় রাস্তা! এসব কিছুই আমার শোনা, জানা! কিন্তু একী! পথের শেষে উঠোনের পাশে নিতান্ত মধ্যবিণ্ডের সাদামাটা দোতলা বাড়ি! আমি ছিটকে পিছিয়ে আসি... “না না, এ আমাদের বাড়ি নয়! চারতলার সেই ঘর, কাঠের দেওয়াল...সে সব কই”!

ইকবালভাই হেসে ফেলেন।- “আপনার কওয়া তথ্য অনুযায়ী এটাই আপনাগো বাসা আছিল। ওই দ্যাখেন মন্দির...”

তাকিয়ে দেখি, রাস্তার একধারে বিমর্ষ হয়ে হয়ে দাঁড়িয়ে থাকা জীর্ণ মন্দির। ততক্ষণে বাড়ির বাসিন্দারা আড়াল থেকে উঁকিঝুঁকি মারে। মেয়েদের মাথা ঢাকা। পুরুষরা লুপ্তিপরা, রুস্ত মুখ। তারা সপাট এক চড়ের মত দড়াম করে মুখের ওপর দরজা বন্ধ করে দেয়।

ইকবাল ভাই দৌড়ে আসে আমার দিকে; “প্লিজ, আপসেট হইবেন না, ব্যাপারখান আমি দেখতে আসি...”

আশেপাশের লোকজন এগিয়ে আসে। আমি মৌন, নিখর। উঠোনের মাঝে একা দাঁড়িয়ে থাকি; তাদের কথা টুপটাপ বারে পড়ে আমার গায়ে-মাথায়।

-“হ, এডাই তো ছিল চক্রবর্তী গো বাসা, পাঠশালা আছিল এইখানে; অনেকদিন আগে তারা সবসুদ্ধা ইন্ডিয়া চইল্যা গ্যাসে”।

আমার বাপসা দৃষ্টির সামনে দরজা খুলে কারা যেন এগিয়ে আসে। ইকবালভাই কানের কাছে এসে ফিসফিস করে বলে- “আসলে ভয় পাইসে, এখন হইসে না এনিমি প্রপার্টি”?

লুপ্তিপরা পুরুষরা বলে, আসেন আসেন। মাথা ঢাকা মেয়েরা বলে, বসেন, নাস্তাপানি করেন।

আমি শুকনো ঠোঁটে জিব বুলোই - “বাড়িটা দেখব...”

“আসেন, দেখাই”

ওড়নাঢাকা মেয়ের পেছন পেছন বাড়ি ঢুকি। অচেনা ঘরদোর, রান্নাঘরে সারিসারি হাঁড়ি। মেহেমানের জন্য ডাবের জল আসে। অসম্ভব মিষ্টি তা। মেরোটি মদু স্বরে বলে, এটা বহু পুরাতন গাছ, আপনার দাদামশাইয়ের সময়ের”।

দীঘির পাশে এসে দাঁড়াই। পাশে গাছেরা বাগান। আমি ক্যাসকেসে গলায় বলি, “বাগানগুলো দেখে আসি...”

লুপ্তিপরা পুরুষরা সমস্বরে বলে ওঠে, “বাগানগুলি? না না, হেয়া কিসু নাই”।

আমি ইকবালভাইয়ের দিকে ফিরে অসহায়ের মত বলি, “না ছিল, অনেকগুলো বাগান ছিল আমাদের, আর কাঠের একটা বাড়ি,

চারতলার হলধর; বিশ্বাস করুন”!

লুপ্তিপরা পুরুষ, হাতে তার খারালো কাটারি, উড়ে এসে জুড়ে বসা মেহেমানের জন্য ডাব কাটছে সে; খারালো কাটারির মতই তার চোখ বিকিয়ে ওঠে।— “আমরাও মিছা কইনা, এতগুলান বৎসর চইল্যা গ্যাসে, সব কি আগের মতই থাকে”?

যেতে হবে এবার, দিঘির জলে হাত ডোবাই। সবুজ জন কথা বলে ওঠে, এতদিনে আসার সময় হল বুঝি? বৃকের রক্ত তোলপাড় করে সহসা একটা ডাঙ্ক ডেকে ওঠে। পঞ্চান্ন বছর ধরে জমে থাকা আমার পরিজনদের রাগ-বঞ্চনা- অভিমান আমাকে তাড়না করতে থাকে।

খীর পায়ে বেরিয়ে আসি... সেই স্বপ্নের রাস্তা ধরে। জীর্ণ মন্দিরে উঁকি মারি। দেবতা দাঁড়িয়ে আছেন; একা...আবছা!

* * * * *

একটু পরেই জাহাজ ছাড়বে। সবশেষে এসেছি দাদুতাইয়ের বইয়ের দোকান দেখতে। যা তিনি তাঁর প্রিয় ছাত্র কাদেরকে দিয়ে এসেছিলেন। প্রফেসর কাদের এখন খুব বিখ্যাত মানুষ, বিদেশে থাকেন। আর সেই দোকানও খুব বিখ্যাত এখন, বরিশালের সবথেকে আভিজাত রেস্টুরেন্ট। যেখানে বসে আসিফ আমাকে গরুর রেন করি খাবার জন্য সাধাসাধি করছে। আর আমি ভাঙা গলায় মিনমিন করে বলার চেষ্টা করছি – “জানেন তো, এই দোকানে জীবনানন্দ আসতেন, সমস্ত বিখ্যাত লোকেরা এখানে আড্ডা বসাতেন”!

আসিফের সে সবে মন নেই। সে আমাকে আপ্যায়নে ব্যস্ত।— “আপনি তাইলে মাটন বিরিয়ানি খান; মনে থাকবে বরিশালের এই বিরিয়ানি। আমরাও খাব, তার আগে রেনকরি। একটু চাইখ্যা দ্যাখলে পারতেন...”

সেই একই জাহাজ। সারেং দাদা হাত নাড়ে- “বুইন, দেশের বাড়ি কেমন দ্যাখলা”?

ইকবাল ভাই কেবিনে ব্যাগপত্র তুলে দেয়। নাভিমূল অন্দি কাঁপিয়ে দিয়ে, মহাকালের ধ্বনির মত জাহাজের ভেঁ বেজে ওঠে। ফার্স্ট ওয়ার্লিং ...

ইকবাল ভাই আমার দিকে তাকায়, কুণ্ঠিত হাসি নিয়ে। — “আবার আইবেন, বরিশালের নদীই তো দেখা হইল না”।

আমি ঘাড় নাড়ি, “আচ্ছা”!

জাহাজ যথা সময় নড়ে ওঠে। আমি ডেকে দাঁড়িয়ে দেখি, ইকবাল ভাই পারে দাঁড়িয়ে হাসিমুখে হাত নাড়াচ্ছে। ক্রমশ সে আবছা হয়ে যাচ্ছে। এতক্ষণ আটকে রাখা চোখের জল, গাল বেয়ে গড়িয়ে আসে। দিঘির পারের সেই ডাঙ্কটা যেন বৃকের ভেতর যাঁটি গেড়ে ডেকেই চলেছে। আমার বাপসা দৃষ্টির সামনে জ্বলজ্বল করে প্রজমোহন কলেজে থেকে যাওয়া দাদুর নাম, কীর্তনখোলা, দেশের বাড়ি। জোলা হাওয়া মাথায় আদরের হাত বোলায়। আর তখনই তীর হয়ে ভেসে ওঠে মায়ের বিবল মুখ, বৈভবের গায়ের গন্ধ; কলকাতা...আমার ঘরবাড়ি-কাজ-বন্ধুবান্ধব! ওরা আমাকে হাতছানি দিয়ে ডাকে।

আমার যেন নিঃশ্বাসে টান পড়ে; কলকাতার বাতাসে যে আমার নিঃশ্বাস বাঁধা পড়ে আছে...



সমাপ্ত

Glimpses from Agomoni Saraswati Puja 2025



❄️ MOMENTS FROM SARASWATI PUJA ❄️

Glimpses from Agomoni Picnic 2024



ADDA UNLIMITED

Every laugh, every hug, every shared moment – treasured for a lifetime.



Where Silence steps



SANDEEP CHATTERJEE

সমাধান

ধাঁধা

১. - ছায়া
২. - চোখ
৩. - তালগাছ
৪. - জলাশয়
৫. - বাপ, ছেলে, নাতি
৬. - চোখ
৭. - কলাগাছ
৮. - চিঠি
৯. - চশমা
১০. - চোখের পাতা

শব্দজাল

| | | | | | | | | | |
|----|----|----|----|-----|-----|------|----|----|----|
| ১ | দী | ঘা | ২ | ব | ন | ৩ | দা | ৪ | বী |
| ৫ | প | সু | ৬ | ন্দ | র | ৭ | ব | ন | ৮ |
| ৯ | মু | খ | ১০ | র | ১১ | ক্ষি | ১২ | ১৩ | ১৪ |
| ১৫ | ফে | লু | ১৬ | দা | ১৭ | অ | ম | ১৮ | ১৯ |
| ২০ | ক | ২১ | ং | ২২ | স | ২৩ | চ | ২৪ | ২৫ |
| ২৬ | আ | ২৭ | ২৮ | ২৯ | র | ৩০ | বী | ৩১ | ৩২ |
| ৩৩ | গ | ৩৪ | ম | ৩৫ | স্ব | ৩৬ | র | ৩৭ | ৩৮ |
| ৩৯ | ম | ৪০ | ধু | ৪১ | ম | ৪২ | তী | ৪৩ | ৪৪ |
| ৪৫ | নী | ৪৬ | র | ৪৭ | জা | ৪৮ | প | ৪৯ | ৫০ |

దసరా పండుగ

సర్వేజన సుఖినోభవంతు

(మన భారత దేశం లో వున్నన్ని అతి పురాతన గ్రంథాలు మరి ఏ జాతికి లేవు. వాటిలో చతుర్వేదాలు, అష్టాదశ పురాణాలు ముఖ్యమైనవి. అందు వలన మనకు దేవుళ్ళు ఎక్కువే మరి పండుగలు ఎక్కువే. ఈ పండుగల లో స్త్రీల భాగస్వామ్యం తో పాటు వారి శ్రమ ఎక్కువ. ఇందులో కొన్ని ఒక ఇంటికే పరిమితమై ఉంటాయి, మరికొన్ని దైవ పూజ తో పాటు ప్రక్రింటి స్త్రీలను ముత్యైదువులుగా ఆహ్వానించి తాంబూలాలు ఇచ్చి పంపిస్తారు.) కొన్ని పండుగలు ఊరి లేక వాడ వారందరు ఒక్కటై దేవి/ దేవుని విగ్రహం పెట్టి కొన్ని రోజులు పూజలు జరిపి నిమజ్జనం చేస్తారు . ఈ విధమైన పండుగలలో దసరా పండుగ ఒకటి .


తెలంగాణలో దసరాపండుగ చాల ముఖ్యమైనది. ఇది ఆశ్వయుజ మాస ఆరంభం అంటే శుద్ధ పాడ్యమి నుండి శుద్ధ దశమి వరకు జరుపు కుంటారు .ఈ పండుగ లో స్త్రీలు తంగేడు, గుణక,మందార మొదలగు పూల తో బతుకమ్మ అనే అమ్మ వారి స్వరూపాన్ని తయారు చేసుకొంటారు. తొమ్మిది రోజులకు గాను వరసగా ఎంగిలి పూల బతుకమ్మ , అటుకుల బతుకమ్మ ,ముద్దపపు బతుకమ్మ ,నానబియ్యం బతుకమ్మ ,అట్ల బతుకమ్మ ,అలిగిన బతుకమ్మ ,వేపకాయల బతుకమ్మ ,వెన్నముద్దల బతుకమ్మ మరియు సద్దుల బతుకమ్మ అని తొమ్మిది రూపాలుగా పూజిస్తారు . ప్రతీ రోజు సాయంకాలం స్త్రీలుతమకున్న మంచి దుస్తులు, నగలు, పూలు ఆలంకరించుకొని ఊరిలోని ఒక కూడలి లో ఏర్పరచుకొన్నఒక గుంట వద్ద బతుకమ్మలను ఉంచి వాటి చుట్టూ బతుకమ్మ పాటలు పాడుకొంటూతిరుగుతారు. ఇది చాలా మనోహరంగా వుంటుంది. తొమ్మిదవ రోజు బతుకమ్మను నిమజ్జనం చేస్తారు .

ఈ పండుగ ఎనిమిదవ రోజు దుర్గాష్టమి నాడు ఆయుధ పూజ చేస్తారు రామాయణం లో శ్రీ రాముడు రావణున్ని చంపిన రోజుగా భావించి పదవ రోజు (శుద్ధ దశమి నాడు)పెద్ద రావణుడి బొమ్మను దహనం చేస్తారు. అంతే కాకుండా భారతం లోని విరాట పర్వంలో ఉత్తర గోగ్రహణ సమయం లో అర్జునుడు అజ్ఞాత వాసం పూర్తి అవడం తో జమీ వృక్షం(జమ్మి చెట్టు) పై నున్న తన ఆయుధాన్ని (గాండీవాన్ని) తీసుకొని కొరవ సైన్యాన్ని ఓడించాడని భావించి జమ్మి ని పూజించి దాని ఆకుని తీసుకొని దాన్ని బంగారం గా భావించి అందరికీ పంచుకొంటారు. అందరూ తమ పెద్దలకు ఈ బంగారాన్ని ఇచ్చి ,పాదాభివందనం చేసి ఆశీర్వాదం పొందుతారు.

A Game of Chess - A Game of Life

ACHYUT TELANG

Hear ye of this enchanting game,
Of a board and pieces on multiple squares; A game of sides black and white,
A test of fortitude for both the players.
Seemingly made of simple rules,
Yet it slowly unravels layer after layer; Making you experience every emotion,
A game that will hook you yet make you drear.
Instincts, patterns, and calculations,
A heady combination oh so rare;
A game within grasp could soon turn elusive, Can you hold on, do you have the flair?
The joy, the triumph,
The cries of despair;
This is the game of life,
Captured in sixty-four squares



JOIN US ALL YEAR ROUND

AGOMONI warmly welcomes everyone to be a part of our celebrations and events throughout the year. From festive gatherings to cultural programs, community drives to special occasions, we believe in coming together as one family and celebrating every moment with joy, unity, and enthusiasm. No matter your age, background, or where you come from, you are an important part of our community. Join us in creating memories, sharing happiness, and making every event a grand and inclusive celebration. Let's celebrate life together – you are always invited and always welcome at AGOMONI!

Contact us today and be a part of something extraordinary. Together, let's make every event of 2025-2026 to remember!

Regards,
AGOMONI Executive Committee

Glimpses from Agomoni Annual Sports Meet 2025



SPORTOPIA
at a Glance



Published by AGOMONI, Hyderabad

AGOMONI is a Bengali Cultural Association registered under
Telengana Society Registration Act, 2001. Regd No 678/2024

VISIT OUR
WEBSITE

<https://agomonihyderabad.in/>



আবার খমো মা

JOIN NOW

Agomoni Hyderabad
WhatsApp group



agomonii1111.2024@gmail.com



[@agomonihyderabad](https://www.instagram.com/agomonihyderabad)

MRP: Rs 199

DONATE



AGOMONI
SCAN & PAY
UPI ID : agomoni1111@indiaab
BHIM UPI